কোনো ইশারা, বা ওহি নির্বাচনের মাঠে কাজ হবেনা —- নির্বাচন কমিশনার আহসান হাবিব খান

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান(অবঃ) বলেছেন, কোনো ইশারা, কোনো ওহি নির্বাচনের মাঠে কাজ হবেনা। সারাদেশে ১৩৩ টি ইউনিয়ন পরিষদ, ৬ টি পৌর ও ১ টি সিটি করপোরেশন নির্বাচন ইলেক্ট্রনিক ভোটিং ম্যাসিন (ইভিএমে) হবে। একটি সুন্দর, স্বচ্ছ, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন দেখবে জেলাবাসী। এজন্য নির্বাচন কমিশন কারো বিরুদ্ধে কোনো অভিযোগ অনুযোগ শুনতে চাইনা।

আজ শনিবার (২৮ মে) দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে প্রার্থীদের সাথে নির্বাচনী আচরণবিধি নিয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

মত বিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ নির্বাচন কমিশনের যুগ্ম সচিব মোঃ নুরুজ্জামান তালুকদার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মোঃ ইউনুচ আলী, মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

স্থানীয় সরকারের উপপরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার।

উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর পৌরসভা নির্বাচন পরিচালনার দায়িত্ব নিয়োজিত রিটার্নিং অফিসার তারেক আহমেদ, মেহেরপুর সদর উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবদুল আজিজ, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ৯৮ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৯৮ বোতল ভারতীয় ফেনসিডিল ও একটি মটরসাইকেল সহ পিন্টু আলি নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ। এ সময় অপর এক ব্যবসায়ী ইউনুস আলি পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমার নির্দেশে মুজিবনগর থানাধীন রতনপুর আইসি ক্যাম্পের ইনচার্জ এস আই প্রহলাদ, এ এস আই দরবেশ ও সঙ্গীয় ফোর্স শনিবার ভোরে উপজেলার আনন্দবাস পশ্চিম পাড়ায় অভিযান পরিচালনা করে। এসময় আনন্দবাস গ্রামের পশ্চিম পাড়ার জনৈক শরিফুল ইসলামের রাইস মিল সংলগ্ন তিন রাস্তার মোড়ে হতে আনন্দবাস গ্রামের কাল্টা পাড়ার হায়দার আলীর ছেলে পিন্টু আলী (৩০) কে একটি ১২৫ সিসি টিভিএস স্ট্রাইকার মোটর সাইকেলসহ আটক করা হয়। এ সময় মোটরসাইকেলে থাকা আরেক মাদক ব্যবসায়ী একই গ্রামের আহসান মণ্ডলের ছেলে ইউনুস আলী (৪০)পালিয়ে যায়।

এ সময় মোটরসাইকেলে ঝুলিয়া রাখা বস্তার ভেতর হতে ৯৮ বোতল নিষিদ্ধ ভারতীয় মাদক ফেনসিডিল উদ্ধার করা হয়। তিনি আরো জানান আটককৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে- ২০১৮ সালের মা: নি: আইনের ৩৬ সারনীর ১৪(গ)/৩৮ ধারায় মাদক মামলা দিয়ে কোর্টে প্রেরন করা হয়েছে এবং পলাতক মাদক ব্যাবসায়ীকে আটকের জন্য পুলিশের অভিযান অব্যহত রয়েছে।

ভোরের কাগজের প্রকাশক, সম্পাদকসহ ৫ সাংবাদিকের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

দেশের অন্যতম শীর্ষ জাতীয় দৈনিক ভোরের কাগজে মাদক কারবারির তথ্যভিত্তিক সংবাদ প্রকাশের জেরে পত্রিকার প্রকাশক সাবের হোসেন চৌধুরী এমপি, সম্পাদক শ্যামল দত্ত, বার্তা সম্পাদক ইখতিয়ার উদ্দিন, সিনিয়র রিপোর্টার মুহম্মদ রুহুল আমিন ও কুমিল্লার ভোরের কাগজ প্রতিবেদক এম ফিরোজ মিয়ার বিরুদ্ধে কুমিল্লার জজ আদালতে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টায় মেহেরপুর সাংবাদিক সমাজের আয়োজনে শহরের কাসারিপাড়াস্থ প্রধান সড়কে অবস্থিত মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তব্য দেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, দৈনিক সংবাদ প্রতিনিধি রফিকুল আলম, প্রথম আলো প্রতিনিধি আবু সাইদ, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মাছরাঙা টেলিভিশনের প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সময়ের আলো পত্রিকার প্রতিনিধি তৌহিদ দোলা রেজা, সাংবাদিক মোজাহিদ মুন্না, জবাবদিহি পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহিন, ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, মুজিবনগর প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক বাংলা টিভি ও ঢাকা পোস্টের মেহেরপুর প্রতিনিধি আক্তারুজ্জামান এর সঞ্চালনায় মানববন্ধনে বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২০১৮ সালের ৯ জানুযারি দেশের শীর্ষ স্থানীয় মাদক কারবারিদের একটি তালিকা প্রকাশ করা হয়। ওই তালিকায় কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র প্রার্থী আরফানুল হক রিফাতের নাম শীর্ষে রয়েছে। কুমিল্লার কাগজ

প্রতিবেদক এম ফিরোজ ১৫ মে ‘কুমিল্লার শীর্ষ মাদক কারবারি রিফাত এখন নৌকার কান্ডারি’ শীর্ষক প্রতিবেদন প্রকাশ করলে রিফাত ১৭ মে কুমিল্লার জেলা ও দায়রা জজ আদালত-১ এ ভোরের কাগজের প্রকাশক ও সম্পাদকসহ পাঁচ সাংবাদিকের বিরুদ্ধে ১০ কোটি টাকার মানহানি মামলা করেন। হয়রানি মূলক এই মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানান সাংবাদিকরা।

এছাড়াও বক্তারা বলেন, মিথ্যা মামলা দিয়ে সাংবাদিকদের কন্ঠ রোধ করা যাবে না। আমরা শত বাধা বিপত্তির মুখে দাড়িয়েও আমরা সাদাকে সাদা আর কালোকে কালো বলবো। যথেষ্ট তথ্য প্রমান থাকার পরও মিথ্যা মামলা করা মানে সাংবাদিকদের দমিয়ে রাখার বৃথা চেষ্টা। মামলা প্রত্যাহার করা না হলে স্বাধিনতার সুতিকাগার এই মুজিবনগর মেহেরপুর থেকে র্দুবার আন্দোল গড়েতোলা হবে।

মানববন্ধনে আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সহ সভাপতি নাসের চৌধুরি, চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান, বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহাবুবুল হক পোলেন, সিনিয়র সাংবাদিক মেহের আমজাদ, সাংবাদিক জি এফ মামুন লাকি, আমাদের অর্থনিতির প্রতিনিধি মাসুদ রানা, বর্তমান পত্রিকার প্রতিনিধি আতিক স্বপন, ঢাকা মেইল প্রতিনিধি তোফায়েল হোসেন, মেহেরপুর প্রতিদিন এর সিনিয়র রিপোর্টার ও আমাদের নতুন সময় প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল, সাংবাদিক আতাউর রহমান, মেহেরপুর নিউজ এর স্টাফ রিপোর্টার মেহেরাব হোসেন, দৈনিক অধিকার প্রতিনিধি শাকিল রেজা, সাইমুন আহাম্মেদ, দৈনিক আকাশ খবর প্রতিনিধি ফয়সাল আহাম্মেদ, সাংবাদিক সুজন শাহ, নয়ন আহাম্মেদ, সময়ের সমিকরণ প্রতিনিধি সোহানুর রহমান সোহান, মেহেরপুর নিউজ এর মুজিবনগর প্রতিনিধি ডালিম সরোয়ারসহ বিভিন্ন প্রিন্ট, অনলাইন ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

গাংনীর খলিল হত্যা মামলার প্রধান আসামীসহ তিনজন আটক

গাংনীর খলিল হত্যা মামলার প্রধান আসামীসহ তিনজন আটকগাংনী উপজেলার হিন্দা গ্রামে লেবু গাছের ডাল কাটাকে কেন্দ্র করে খলিল বিশ্বাস
(৬৫) হত্যা মামলার প্রধান আসামীসহ তিন জনকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি টীম।

আটকরা হলেন, হিন্দা গ্রামের পশ্চিমপাড়া এলাকার মৃতু নজরুল ইসলামের ছেলে আবু বক্কর সিদ্দীক (৫৫), তার স্ত্রী আজিমন খাতুন
(৪৫) ও তার ছেলে মো: সজীব হোসেন(১৯)।

ঝিনাইদহের র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার মেজর শরীফ ও গাংনী ক্যাম্পের কমান্ডার তারেক বান্নার নেতৃত্বে র্যাবের একটি টীম ২৭ মে দিবাগত মধ্যরাতে গোপন সংবাদের ভিত্তি¡তে কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ নামক স্থানে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার হিন্দা পশ্চিমপাড়া এলাকায় পৈত্রিক সম্পত্তি নিয়ে দীর্ঘদিন যাবৎ ভাইয়ের সাথে দ্ব›দ্ব চলে আসছিল খলিলুর রহমানের। চলতি মাসের ২১ তারিখে

নিহতের বাড়ির পিছনে আসামীদের একটি লেবু গাছ ঝড়ে ভেঙ্গে যাওয়াকে কেন্দ্র করে নিহত খলিলুর রহমানকে লাঠি দিয়ে মারপিট করেন। ওই দিনই সে প্রথমে গাংনী উপজেলা হাসপপাতালে ও পরে সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় খলিলর রহমান।

এঘটনায় নিহতের স্ত্রী আশুরা খাতুন বাদী হয়ে এসব আসামীদের বিরুদ্ধে মামলা দায়ের করেন। আটককৃত আসামীদের গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

এবার গাংনীতে ডায়রিয়ার প্রাদূর্ভাব। এক সপ্তাহে শতাধিক আক্রান্ত

মেহেরপুরের পর এবার গাংনীতে ডায়রিয়ায় আক্রান্তের সংখ্যা বাড়ছে আশংকাজনকহারে। এ উপজেলায় গত ২৪ ঘন্টায় প্রায় ২৫ জন ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। এছাড়া গত এক সপ্তাহে আক্রান্ত হয়েছেন ৯০ জন। ডায়রিয়ায় আক্রান্তদের মধ্যে শিশু ও নারীর সংখ্যা বেশী।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূএ থেকে জানা গেছে, প্রতি ঘন্টায় ঘন্টায় ভর্তি হচ্ছেন রোগী। হাসপাতালের ডায়রিয়া আক্রান্তদের জন্য আলাদা কোনো বেড না থাকায় সাধারণ রোগীদের সাথেই গাঁদা গাদি ঠাঁসাঠাসি করে তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে। এছাড়া হাসপাতালের মেঝেতে বারান্দায় রাখতে হচ্ছে তাদের।

জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম জানান, গত এপ্রিল মাসে ডায়রিয়ার প্রাদূর্ভাব বেশী হয়েছিল। কিছু যেতে না যেতেই আবারও শুরু হয়েছে ডায়রিয়া। এটা অস্বাভাবিক বলে জানালেন তিনি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সরের স্বাস্থ্য কর্মকর্তা ডা. আশরাফুল ইসলাম লিটন বলেছেন, ডায়রিয়ায় আক্রান্তদের চিকিৎসার কোনো সংকট নেই। তাবে, রোগীরা আসছেন তাদের শেষ সময়ে। যখন শরীরের অবস্থা অত্যন্ত কাহিল হয়ে পড়ছেন তখন তারা চিকিৎসা নিতে আসছেন। হাসপাতালে চিকিৎসা এবং ওষধপত্রের সংকট নেই বলেও জানান তিনি। এসময় বাসি, পচা খাবার না খাওয়া, ফলফলাদি খাওয়ার সময় ভাল করে ধুয়ে পরিস্কার করে খাওয়া এবং পরিস্কার পরিচ্ছন্ন থাকার জন্য পরামর্শ দেন তিনি।
উল্লেখ্য, ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে এক সপ্তাহে পাঁচ শতাধিক ডায়রিয়া আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে।

গ্রামীণ শিশুদের শৈশব-কৈশর

মানুষ তার জীবনের সবচেয়ে শ্রেষ্ঠ সময় সম্ববত ছোট বেলাতেই পার করে থাকে। শৈশব-কৈশোরই সময় পর্যন্ত পার করাই প্রতিটি মানুষের শ্রেষ্ঠ
মানুষ তার জীবনের সবচেয়ে শ্রেষ্ঠ সময় সম্ববত ছোট বেলাতেই পার করে থাকে। শৈশব-কৈশোরই সময় পর্যন্ত পার করাই প্রতিটি মানুষের শ্রেষ্ঠ সময়। শহরের শিশুরা যখন নামী দামী কোম্পানীর আইসক্রিম খেতে পছন্দ করে। ঠিক সেই সময় শৈশব-কৈশরে গ্রামের শিশুরা পেয়ে থাকে বরফ আর ললিপপ। বিক্রেতারা তাদের ভ্যানগাড়িতে করেই শিশু ভোক্তাদের কাছে পৌছে দিচ্ছেন এই বরফ। মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামের শিশু সাদিয়া ও রুপম বরফ খেয়েই তাদের তৃষ্ণা মেটাচ্ছে।
ছবি জুলফিকার আলী কানন

গাংনীর সাহারবাটিতে জমিতে বেড়া দেওয়াকে কেন্দ্র করে সংঘর্ষ ;আহত ৫

জমিতে বেড়া দেয়াকে কেন্দ্র করে সহোদর ভাইয়ের মধ্যে সৃষ্ঠ সংঘর্ষে ৫ জন আহত হয়েছেন।

আজ শুক্রবার (২৭ মে) দিবাগত রাত সাড়ে ৮ টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি চারচারাপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, আনছার আলী (৫৮), তার ছেলে সেন্টু হোসেন (৩৫) ও মিন্টু হোসেন (৩২)। অপরদিকে আহত হয়েছেন আনছার আলীর বড় ভাই আজিজুল হক (৬০) ও তার ছেলে আসমত আলী (৪০)। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত আনছার আলী জানান, আমার ঘরের পেছন দিয়ে একটা বেড়া দেওয়াকে

কেন্দ্র করে বড় ভাই আজিজুল হকের সাথে কথা কাটাকাটি চলছিল। কথাকাটাকাটির এক পর্যায়ে আজিজুল হক ও তার ছেলে আসমত আলী বাঁশের লাঠি দিয়ে আমাদের পেটাতে থাকে। আমার বাম হাত ভেঙ্গে গেছে ও ছেলে স্টেুর মাথা ফেটে গেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম জানান, আহতরা সকলেই ভর্তি রয়েছেন। তবে আনছার আলীর হাত ভেঙ্গে যাওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেলে রেফার্ড করা হয়েছে।
এঘটনায় উভয়পক্ষই মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন।

গাংনীর বাদিয়াপাড়াতে আম গাছ থেকে পড়ে যুবক নিহত

গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে তাপস আলী (২৭) নামের এক যুবক নিহত হয়েছেন।
নিহত তাপস বাদিয়াপাড়া গ্রামের সাবেক ইউপি সদস্য আব্দুল মান্নানের ছেলে।
শুক্রবার (২৭মে) বিকেলের দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে।
জানা গেছে, তাপস হোসেন আজ শুক্রবার (২৭ মে) দুপুরের দিকে গ্রামের ভিটের মাঠে আমগাছের ডালে উঠে আম পাড়ছিলেন। হঠাৎ গাছের ওই ডালটি ভেঙ্গে মাটিতে পড়ে গুরুতর আহত হয়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন।
সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মেহেরপুর জেনারেল হাসপাতাল রেফার করেন। সন্ধ্যার দিকে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তাপস।
বামন্দী ইউনিয়নের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল বিষয়টি নিশ্চিত করেছেন।

চোরাই মালামালসহ গাংনীর রায়হানকে আটক করেছে র্যাব-৬

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান চালিয়ে চোরাই বাইসাইকেল, পানির পাম্প ও রেলের পাতসহ রায়হান হোসেন (২৮) নামের এক যুবককে আটক করেছে।
আটক রায়হান হোসেন গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামের পশ্চিমপাড়া এলাকার রাশেদুল শেখের ছেলে।
বৃহস্পতিবার (২৬ মে) দিবাগত মধ্যরাতে জোড়পুকুরিয়া বাজারের জামে মসজিদের সামনে থেকে তাকে র্যাবের দলটি আটক করেছে বলে জানিয়েছে। এসময় তার কাছ থেকে ২ টি চোরাই বাইসাইকেল, একটি আরএফএল পানির পাম্প, একটি স্মাট মোবাইল ফোন ও ২ ফুট লম্বা রেলের লোহার পাত উদ্ধার করা হয়েছে।
র্যাবের দেওয়া প্রেসনোটে জানা গেছে, রায়হান চোর চক্রের একজন সদস্য। এলাকার অন্যান্য চোররা সংঘবদ্ধ হয়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় দিনে ও রাতে ব্যবসায়ীদের দোকান এবং বাসা বাড়ীর দ্রব্য সামগ্রী চুরি করে অন্যান্য স্থানে বিক্রি করে আসছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে রায়হান একটি চোর চক্রের সাথে তার সম্পৃক্ততার কথা স্বীকার করেছেন বলেও দাবী করেছে র্যাব। আজ শুক্রবার সকালের দিকে নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় আহত প্রকৌশলী সুমি ২২ দিন পর মারা

গেলেন

সড়ক দূর্ঘটনায় আহত প্রকৌশলী সুমি খাতুন (২৮) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।
নিহত সুমি খাতুন মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের প্রকৌশলী তোহিদুল ইসলামের স্ত্রী। ও গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের আব্দুল গনির মেয়ে।

সড়ক দূর্ঘটনায় আহত হয়ে প্রায় ২২ দিন পর চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। সুমি খাতুন এক সন্তানের জননী। গত ৫ মে গাংনী উপজেলার চেংগাড়া গ্রামে বাবার বাড়ি আসার সময় উপজেলা শহরের রাজা ক্লিনিকের সামনে মোটরসাইকেল থেকে পড়ে মারাত্বক আহত হন সুমি।

স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে পরের দিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয় তাকে। ২২ দিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর গত বৃহস্পতিবা দিবাগত রাত ৯ টার দিকে মারা যান তিনি।

সুমি’র বড় ভাই গাংনী উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক জান মহাম্মদ মিন্টু জানান, আমাদের একটি পারিবারিক অনুষ্ঠানে এসেছিলো তারা। স্বামীর সাথে মোটরসাইকেল যোগে চেংগাড়া থেকে হিজুলী গ্রামে ফিরছিলেন তারা।

পরের দিন তাদের কর্মস্থল ঢাকাতে ফেরার কথা ছিল সুমি ও তার স্বামীর। গতকাল শুক্রবার দুপুরে চেংগাড়া বাবার গ্রামে নামাজে জানাযা শেষে কেন্দ্রীয় গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে প্রকৌশলী সুমি খাতুনকে।